

"শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ পরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
মাগুরা।  
Website: dwao.magura.gov.bd

স্মারক নং- ৩২.০১.৫৫০০.০০০.২৫.০৩৩.১৯-৫৯৫

তারিখ : ১৯ ভাদ্র ১৪৩০  
০৩ সেপ্টেম্বর ২০২৩

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাগুরায় নিম্নোক্ত ৫টি ট্রেডে (অক্টোবর-ডিসেম্বর ২০২৩ সেশন) ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে ১০০জন প্রশিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ট্রেডের নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন	২০ জন	সর্বনিম্ন এস. এস. সি. পাশ
২	ড্রেস মেকিং এন্ড টেইলারিং	২০ জন	সর্বনিম্ন ৮ম শ্রেণী পাশ
৩	ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন	২০ জন	সর্বনিম্ন ৮ম শ্রেণী পাশ
৪	সার্টিফিকেট ইন বিউটিফিকেশন	২০ জন	সর্বনিম্ন ৮ম শ্রেণী পাশ
৫	বক্স মেকিং এন্ড প্যাকেজিং	২০ জন	সর্বনিম্ন ৮ম শ্রেণী পাশ

শর্তাবলী:

- ১। প্রার্থীকে অবশ্যই মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। বয়স ১৬ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩। বিধবা/স্বামী পরিত্যক্তা/ তালাকপ্রাপ্ত/ কর্মক্ষমহীন স্বামী/ প্রতিবন্ধীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। আয়বৃদ্ধিমূলক কাজে আত্মহীন হতে হবে।
- ৫। অসম্পূর্ণ বা ক্রটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ কোর্স চলাকালীন সময়ে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়মকানুন অবশ্যই মেনে চলতে হবে।
- ৭। পূর্বে যারা একবার প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৮। প্রশিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে জেলা বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদন পত্রের সাথে নিম্ন-লিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- ১। শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
- ২। ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৩। ভোটার আইডি/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি।
- ৪। নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

সুবিধা :

- ১। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দৈনিক হাজিরার ভিত্তিতে প্রশিক্ষণ ভাতা দেওয়া হবে।

আত্মহীন প্রার্থীদের উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৫৬/২, জেলাপাড়া, কলেজ রোড (সাবেক এম.আর.রোড), মাগুরা হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক পূরণ করে আগামী ০৩.০৯.২০২৩ থেকে ১৪.০৯.২০২৩ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর আর কোন আবেদন জমা নেয়া হবে না। স্বাক্ষরকারীর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে।

আব্দুল আওয়াল  
উপপরিচালক  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
মাগুরা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :-

- ১। জেলা প্রশাসক, মাগুরার গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করার জন্য।)
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাগুরার গোপনীয় সহকারী (অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) মহোদয়কে অবহিত করার জন্য।)

অনুলিপি (বহুল প্রচারের জন্য):-

- ৩। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয় / পুলিশ সুপারের কার্যালয় / সিভিল সার্জনের কার্যালয় / উপজেলা পরিষদ / জেলা পরিষদ / জেলা তথ্য অফিস / পি.টি.আই, মাগুরা।
- ৪। উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর / সমাজ সেবা অধিদপ্তর / যুব উন্নয়ন অধিদপ্তর / পল্লী উন্নয়ন বোর্ড / ইসলামিক ফাউন্ডেশন, মাগুরা।
- ৫। কেন্দ্রীয় বাস টার্মিনাল / ভায়নার মোড় / চৌরঙ্গী মোড়, মাগুরা।
- ৬। অফিস কপি।